তারিখ ..31 JUL 2016...
পৃষ্ঠা ..2... কলাম.....6.....

কারিগরি শিক্ষকদের শিক্ষামন্ত্রী

# অভিভাবক ও শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ রাখুন

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার্থী, অভিভাবকদের সঙ্গে নিবিড় যোগাযোগের মাধ্যমে জঙ্গিবাদ প্রতিরোধ করতে হবে। শিক্ষক, শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের মধ্যে নিয়মিত যোগাযোগ রাখতেই হবে। শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে অননুমোদিতভাবে অনুপস্থিত শিক্ষার্থীদের সন্ত্রাসী হামলা ও জঙ্গি তৎপরতায় লিপ্ত হচ্ছে বলে সাম্প্রতিক কিছু ঘটনায় দেখা যাচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত উপস্থিতি, আচার-আচরণ, চলাফেরা মনিটরিং ও বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীদের এ ধরনের বিপথগামিতা রোধ করা সম্ভব।

শিক্ষামন্ত্রী গতকাল শনিবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'জঙ্গিবাদ প্রতিরোধে কারিগরি শিক্ষকদের করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় বক্তৃতায় এসব কথা বলেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, গতানুগতিক সনদসর্বস্ব লেখাপড়া থেকে বেকারত্বের হতাশাগ্রস্ত তরুণদের অসামাজিক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার আশঙ্কা থাকে। কারিগরি শিক্ষায় বেকার সৃষ্টির কোনো আশঙ্কা নেই। তাই বর্তমান সরকার যুগোপযোগী কারিগরি শিক্ষার ব্যাপক প্রসারে কাজ করে যাচ্ছে।

শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে ইনস্টিটিউশন ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## অভিভাবক

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশের সভাপতি এ কে এম এ হামিদ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক মো. মিজানুর রহমান বক্তৃতা করেন।

অনুষ্ঠানে সরকারি ও বেসরকারি ডিপ্লোমা পলিটেকনিক ইনস্টিটিউট থেকে প্রায় পাঁচশ' প্রতিষ্ঠানপ্রধান ও কারিগরি শিক্ষক অংশ নেন।

অনুষ্ঠানে বিভিন্ন প্রতিষ্ঠানের অধ্যক্ষরা সাম্প্রতিক সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে তাদের প্রতিষ্ঠানে গৃহীত বিভিন্ন নিরাপত্তা ব্যবস্থা তুলে [illegible]রন।